News Publish Date: 12th June 2017, Page: 24, Paper Name: The Daily Ittefag





সেইপ প্রোগ্রামে গড়ে উঠেছে দক্ষ তারুণ্য

বকদের দক্ষ করে গড়ে তোলা ও বেকারত্বের হার কমানোর জন্য সারা দেশে বিভিন্ন ক্ষেত্রে প্রশিক্ষণ দিচ্ছে বাংলাদেশ ব্যাংকের এসএমই আন্ড স্পেশাল প্রোগ্রাম বিভাগ। স্কিলস ফর এমপ্লয়মেন্ট ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (সেইপ) প্রকল্পের আওতায় এ প্রশিক্ষণ দেওয়া হচ্ছে। এরই ধারাবাহিকতায় বাংলাদেশ ব্যাংকের সহযোগিতায় ন্যাশনাল ইনস্থিটিউট অব টেকনোলজি (এনআইইটি) এ প্রোগ্রামের আওতায় প্রশিক্ষণ কর্মসচি আয়োজন করে, যাতে ফ্রিল্যাকিং ও গ্রাফির ডিজাইনের উপর প্রশিক্ষণ অন্তর্ভক্ত ছিল। তিনমাসব্যাপী প্রশিক্ষণে ৫টি ব্যাচে অংশ নেন ১২৫ জন। গত ১০ জুন শনিবার ন্যাশনাল ইনস্কিটিউট অব ফ্যাশন টেকনোলজি মিলনায়তনে তাদের হাতে সনদপত্র তলে দেওয়া হয়। এসময় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, বাংলাদেশ ব্যাংকের ডেপুটি জেনারেল ম্যানেজার ও স্পেশাল প্রোগ্রামের চিফ কো-অর্ডিনেটর মোস্তাফিজুর রহমান। বিশেষ অতিথি ছিলেন এনআইইটির

উপদেষ্টা মো, আল-আমিন মোল্লা। অনুষ্ঠানে এনআইইটির চেয়ারম্যান ইঞ্জিনিয়ার মৌ, আব্দুল আলিম সভাপতিত করেন। বক্তারা বলেন, আজ যারা গ্রাফিব্র ডিজাইন ও ফ্রিল্যাকিং প্রশিক্ষণ নিলেন, আগামীতে তারা আইটি সেক্টরে গুরুতপূর্ণ ভমিকা রাখবেন। তারা উদ্যোক্তা হয়ে বৈদেশিক মদ্রা অর্জন করবেন। কারিগরি শিক্ষা বোর্ড অনমোদিত এনআইএফটি-তে ছয়টি অগ্রাধিকার বিষয়ে প্রশিক্ষণ দেওয়া হয়। বিষয়গুলো হলো গার্মেন্টস মেশিন অপারেটর, টেইলারিং, ইলেক্টিক্যাল হাউস ওয়ারিং, কনজিউমার ইলেকট্রনিক্স, মোবাইল ফোন টেকনিশিয়ান, প্রাথিং অ্যান্ড পাইপ ফিটিং। আরও জানতে যোগাযোগ করতে পারেন ৩১৮৪১৮৮৫৪৪১ নম্বরে। কোর্সের মেয়াদ ১৯২-৩৬০ ঘণ্টা, এই প্রশিক্ষণ কর্মসূচিতে নারী ও সুবিধাবঞ্চিত জনগোষ্ঠী, যেমন-কৃষ্ট্র নৃ-গোষ্ঠী, চর, হাওর-বাওরসহ দুর্গম এলাকার মানুষ, সদ্য বিলপ্ত সিউমহলের বাসিন্দা এবং প্রতিবন্ধীদের প্রশিক্ষণ কার্যক্রমে সর্বাধিক গুরুত্ব দেওয়া হচ্ছে।